



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৮  
১২ জুলাই ২০২১


### প্রশাসনিক পরিপত্র নং-২৭/২০২১

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ২৫.০৪.২০২১ তারিখের ৫৯৪তম সভায় অনুমোদিত 'আইসিবি নথি/ই-নথি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ২০২১' অনুযায়ী নিম্নোক্তভাবে নথিপত্র বিনষ্টিকরণ কমিটি গঠন করা হলোঃ

০১।	উপ-মহাব্যবস্থাপক ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন	সভাপতি
০২।	সহকারী মহাব্যবস্থাপক রিয়েল এস্টেট ডিপার্টমেন্ট	সদস্য
০৩।	সহকারী মহাব্যবস্থাপক ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট	সদস্য
০৪।	সহকারী মহাব্যবস্থাপক অর্গানাইজেশন এন্ড মেথডস্ ডিপার্টমেন্ট	সদস্য
০৫।	সহকারী মহাব্যবস্থাপক ল' ডিপার্টমেন্ট	সদস্য
০৬।	সিনিয়র সিস্টেম এনালিস্ট হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিপার্টমেন্ট	সদস্য
০৭।	সহকারী মহাব্যবস্থাপক প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট	সদস্য-সচিব

#### কমিটির কার্যপরিধিঃ

- (১) কমিটি (সভাপতির অনুমোদনক্রমে) সাময়িকভাবে এক বা একাধিক সদস্যকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে;
  - (২) কমিটি নথি বিনষ্টিকরণের জন্য প্রাপ্ত তালিকাসমূহ যাচাই-বাছাইপূর্বক সংরক্ষণযোগ্য নথি সংরক্ষণের সুপারিশ করবে এবং বিনষ্টিকরণের যোগ্য নথিপত্র বিনষ্টিকরণের ঘোষণা প্রদান করবে;
  - (৩) কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ঘোষণাপত্র অনুযায়ী বিনষ্টিকরণ কার্যকর করার প্রক্রিয়া শুরু করতে হবে;
  - (৪) কমিটি প্রয়োজন মনে করলে বিনষ্টিকরণের জন্য প্রস্তাবকৃত নথিপত্র সরেজমিন পরিদর্শন করতে পারবে; এবং
  - (৫) নথি বিনষ্টিকরণের চূড়ান্ত ক্ষমতা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংরক্ষণ করেন।
- ০২। কার্য সম্পাদনের ক্ষেত্রে কমিটি 'আইসিবি নথি/ই-নথি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ২০২১' অনুসরণ করবে। কমিটি উক্ত ম্যানুয়ালের পরিশিষ্ট-০৫ অনুযায়ী সচিবালয়/ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা হতে প্রাপ্ত বিনাশযোগ্য নথির তালিকা যাচাই বাছাইপূর্বক পরিশিষ্ট-০৬ অনুযায়ী ঘোষণা প্রদান করবে এবং পরিশিষ্ট-০৭ অনুযায়ী সংশ্লিষ্ট সচিবালয়/ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখাকে অবহিত করবে।
- ০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

  
(তানজিনা চৌধুরী)  
মহাব্যবস্থাপক

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

#### অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।